


P  
AP  
24/7/2021

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন  
নগর ভবন, ঢাকা।



স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০০.০৩.০২.২৭১৯.২০১৯-৫৬১

তারিখ : ০৩ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ  
১৮ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ আদেশ

২৯.০২.২০২০ তারিখে অনুষ্ঠিত নিয়োগ পরীক্ষার ফলাফল এবং এ সংক্রান্ত কমিটির সিদ্ধান্তের আলোকে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর বিধি ৪ ও ৬ অনুযায়ী জাতীয় বেতন স্কেল ২০১৫ এর বেতনক্রম ৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮) টাকা এবং অন্যান্য আনুষঙ্গিক ভাতাদিসহ নিম্নোক্ত ব্যক্তিদ্বয়কে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত শর্তে সহকারী ওয়েল্ডার পদে নিয়োগ প্রদান করা হলো :

ক্র. নং	প্রার্থীর নাম ও পিতার নাম	বর্তমান ঠিকানা
১.	ফরহাদ হোসেন পিতা- কবির আহমেদ	গ্রাম- চরলক্ষী, ওয়ার্ড নং-০৩, ইউনিয়ন-০৮, ডাকঘর-ইসলামগঞ্জ, উপজেলা-রায়পুর, জেলা-লক্ষীপুর।
২.	শ্যামল পিতা-মতিউর রহমান	প্রথমে-মতিউর রহমান, গ্রাম-বালা, ডাকঘর-বীরমাইজদিয়া, থানা-মনোহরদী, জেলা-নরসিংদী, পোষ্ট কোড-১৬৫২।

২। শর্তাবলী :

- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর ৬ (১) (ক) উপ-বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত কর্মচারীদ্বয় ০২ (দুই) বছর শিক্ষানবিস থাকবেন। তবে প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ একই বিধিমালার ৬ (১) (খ) শর্তমতে কোনো কারণ লিপিবদ্ধ করে উক্ত মেয়াদ অনূর্ধ্ব ০২ (দুই) বছর বর্ধিত করতে পারবে;
- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর ৬ (৩) (ক) উপ-বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত কর্মচারীর শিক্ষানবিসকাল সন্তোষজনভাবে উত্তীর্ণ হলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাকে চাকুরিতে স্থায়ী করা হবে এবং স্থায়ী শূন্য পদের বিপরীতে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি চাকুরিতে যোগদানের তারিখ হতে স্থায়ী হবেন;
- ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর ৬ (৩) (খ)(অ) উপ-বিধি অনুযায়ী শিক্ষানবিস সময়ের জন্য আচরণ ও কর্ম সন্তোষজনক না হলে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরি থেকে অব্যাহতি প্রদান করতে পারবে;
- নিয়োগপ্রাপ্ত কর্মচারীগণকে যোগদানকালে যথাযথ কর্তৃপক্ষ (সিভিল সার্জন) কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সমদপত্র দাখিল করতে হবে;
- অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্ব কার্যকলাপ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন কর্মচারী চাকুরি বিধিমালা, ২০১৯ এর ৪(২) (খ) উপবিধি অনুযায়ী যথাযোগ্য এজেলির মাধ্যমে প্রতিপাদন করা হবে। বিরূপ কোনো মন্তব্য পাওয়া গেলে এ অস্থায়ী নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অজীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে;
- চাকুরিতে যোগদানকালে তাকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- উপর্যুক্ত শর্তে নিয়োগকৃত পদে যোগদানে ইচ্ছুক প্রার্থীদ্বয়কে আগামি ২৭.০৭.২০২১ খ্রি. তারিখ সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর যোগদান করতে হবে।

৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(আকরামুজ্জামান)  
সচিব

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন  
ফোন : ৯৫৬৩৫০৭

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০০.০৩.০২.২৭১৯.২০১৯-৫৬১

তারিখ : ০৩ শ্রাবণ ১৪২৮ বঙ্গাব্দ  
১৮ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ঢাদসিক।
- ২। মেয়রের একান্ত সচিব, ঢাদসিক (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রধান নির্বাহী কর্মকর্তা স্টাফ অফিসার, ঢাদসিক (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সিস্টেম এনালিস্ট, ঢাদসিক (ডিএসসিসি'র ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৫। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও ৩, ঢাদসিক।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা (বেতন), ঢাদসিক।
- ৭। শাখা সহকারী, সংস্থাপন শাখা-২, ঢাদসিক।
- ৮। জনাব.....।
- ৯। ব্যক্তিগত নথি ২ (দুই) কপি।
- ১০। অফিস আদেশ বহি।
- ১১। অফিস কপি।



(মোহাম্মদ শাহজাহান)

সহকারী সচিব

সংস্থাপন শাখা-২

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।